37

দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 DEC 1996
পৃষ্ঠা ১০ কলাম ৪

# ৭ জানুয়ারী পর্যন্ত বোর্ডের ৬ষ্ঠ ৯ম ও ১০ম শ্রেণীর বই-এর প্রচ্ছদ পরিবর্তনের সিদ্ধান্ত স্থগিত রাখার নির্দেশ

কোর্ট রিপোর্টার ঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ৬ষ্ঠ, ৯ম ও ১০ম শ্রেণীর বইয়ের প্রচ্ছদ পরিবর্তনের সিদ্ধান্ত হাইকোর্ট হতে ৭ জানুয়ারী '৯৭ পর্যন্ত স্থগিত রাখার নির্দেশ দেয়া হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড গত ১১ নভেম্বর প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে ৬ষ্ঠ, ৯ম, ও ১০ম শ্রেণীর পাঠ্যপুস্তকের প্রচ্ছদ পরিবর্তনের সিদ্ধান্ত নেয়। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পক্ষ থেকে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে ঢাকায় ৪র্থ সহকারী জজ আদালতে একটি দেওয়ানী মামলা দায়ের করেন। এতে শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান ও নিয়ন্ত্রককে বিবাদী করা হয়। বাদী পক্ষের আবেদনের প্রেক্ষিতে আদালত মামলা শুনানি না হওয়া পর্যন্ত বোর্ডের সিদ্ধান্ত স্থিতিবস্থা বজায় রাখার নির্দেশ দেন। বিবাদী পক্ষের আবেদনের প্রেক্ষিতে ৩০ নভেম্বর আদালত স্থিতিবস্থার আদেশ প্রত্যাহার করেন। পরবর্তীতে বাদী পক্ষ হাইকোর্টে আবেদন করলে বিচারপতি সৈয়দ জে আর মোদাচ্ছের হোসেন ৭ জানুয়ারী পর্যন্ত স্থিতিবস্থা বজায় রাখার প্রত্যাহারের আদেশ স্থগিত রাখার আদেশ প্রদান করেন।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পক্ষ থেকে দায়েরকৃত আর্জিতে বলা হয়, ৬ষ্ঠ, ৯ম ও ১০ম শ্রেণীর বইয়ের প্রচ্ছদ পরিবর্তনের সিদ্ধান্তের কারণে সমিতির ৭৭৬ জন সদস্যের প্রায় ২০ কোটি টাকার ক্ষতি হবে।